



ফ্যামিভা-র সাহায্যে যোগাযোগ রাখুন প্রিয়জনদের সঙ্গে

রশিদুল্লাহ বিপ-ব/rashidbiplot@gmail.com

সামাজিক যোগাযোগ এখন ওয়েবের অন্যতম আলোচিত ও জনপ্রিয় বিষয়। ফেসবুক, লিংকডইন, টুইটার আর মাইস্পেসের ব্যাপক জনপ্রিয়তাতেই এটা বোঝা যায়। এতসব সাইটের ভীড়ে নতুন একটি সাইট ফ্যামিভা, তবে এটি গতানুগতিক সামাজিক যোগাযোগ সাইটের মত নয়। এটির মূল ফোকাস পরিবারের বংশলতিকা তথ্য ফ্যামিলি ট্রি সংরক্ষণের পাশাপাশি পরিবারের সদস্য ও আত্মীয়-স্বজনের সঙ্গে যোগাযোগ রক্ষা। গুগল ম্যাপ-এর সাহায্যে আত্মীয় বন্ধুবান্ধব কে কোথায় আছে সেটি ট্র্যাক করাও ফ্যামিভা-র অন্যতম একটি ফোকাস। একই সঙ্গে ফ্যামিভা-র সদস্যরা এখানে নানারকম পারিবারিক গল্প কাহিনী লিপিবদ্ধ করে অন্যদের সঙ্গে সেগুলো শেয়ার করতে পারেন, পারেন একটি শেয়ারড ক্যালেন্ডার তৈরি ও ব্যবহার করতেও। ফলে পারিবারিক বিভিন্ন অনুষ্ঠান, বিবাহবার্ষিকী, জন্মদিন ইত্যাদির খোঁজখবরও রাখা যাবে বছরভর।




www.famiva.com-এ ক্লিক করে ফ্যামিভার ওয়েব সাইটে যান। পেজটি খুললে সাইট বক্সে আপনার ফ্যামিলি নাম টাইপ করে Create বাটনে ক্লিক করুন। পরবর্তী স্ক্রিনে অন্যান্য তথ্য প্রবেশ করিয়ে ফরমটি পূরণ করুন। আপনার প্রধান ব্যক্তিগত ইমেইল ঠিকানা ব্যবহার না করতে চাইলে 'Temp address' লিক ক্লিক করলে ফ্যামিভার পক্ষ থেকে আপনাকে একটি সাময়িক অ্যাড্রেস প্রদান করা হবে। সবশেষে আপনার সাইটের জন্য একটি নাম দিন, ভেরিফিকেশন কোড দিন এবং Create বাটনে ক্লিক করুন।



ফ্যামিভায় আপনার নেটওয়ার্কে বিভিন্নজনকে সংযুক্ত করার কয়েকটি পদ্ধতি আছে। সবচেয়ে সহজ পদ্ধতি হচ্ছে আপনার ইমেইল অ্যাড্রেস বুকে যারা আছে তাদেরকে বেছে নিয়ে শুরু করা।

উপরের দিকে People ট্যাবে ক্লিক করে তারপর ক্লিক করতে হবে Import। আপনার নিজের ইমেইল ঠিকানা ও পাসওয়ার্ড টাইপ করুন এবং তারপর ক্লিক করুন Next।



ফ্যামিভা অ্যাড্রেস বুক সার্চ করে নামের একটি তালিকা প্রদান করবে। এদের মধ্য থেকে টিক চিহ্ন দিয়ে দিয়ে Import ক্লিক করে পছন্দের মানুষগুলোকে অ্যাড করুন। এরপর নতুন এসব সদস্যদেরকে আপনার পারিবারিক বংশলতিকায় যোগ করুন নিজের নিজের স্থানে। পরবর্তী স্ক্রিনে দেখতে পাবেন আপনার ফ্যামিলি ট্রি। এবার পর্দার উপরের দিকে Link প্যানেল ক্লিক করে কনটাক্টগুলোকে আপনার ফ্যামিলি ট্রিতে যোগ করে নিন।



আপনার ট্রিতে লিংক করা যাবে এমন মানুষের তালিকা ফ্যামিভাই আপনাকে দেখাবে। লেফট ক্লিক এবং ড্র্যাগ করে তাদেরকে পারিবারিক বংশলতিকায় নিজের নিজের স্থানে বসিয়ে নিতে হবে। একজনের সঙ্গে অন্যজনের সম্পর্ক কি তার ওরই নির্ভর করবে ট্রি-তে কে কোন জায়গায় বসবে।



উপরের ধাপগুলো অনুসরণ করলেই আপনার পারিবারিক নেটওয়ার্কটি মোটামুটি দাঁড়িয়ে যাবে, তবে পুরো ব্যাপারটিকে আরো একটু প্রাঞ্জল করার জন্য প্রতিটি ব্যক্তির নামের এন্ট্রির পাশে তার ছবি দিলে ভাল হয়। ছবি যোগ করার জন্য একেবারে উপরের দিকে Photos ট্যাবে ক্লিক করুন এবং

তারপর বেছে নিন Add Many Photos। পরবর্তী স্ক্রিনে Select Photos বাটনে ক্লিক করুন এবং তারপর নেভিগেট করে চলে যান আপনার কম্পিউটার হার্ড ড্রাইভে যেখানে ছবিগুলো সংরক্ষিত আছে সেখানে। ছবি সিলেক্ট করে Open বাটনে ক্লিক করতে হবে। টেবিলে যখন ছবিগুলো এসে যাবে তাদের প্রতিটির সঙ্গে এক একটি করে বর্ণনা সংযুক্ত করতে হবে (যদি ইচ্ছে হয়) এবং তারপর ক্লিক করতে হবে Upload বাটনে।



ছবি আপলোড করার পর এগুলোকে ফ্যামিলি ট্রিতে সংযুক্ত করতে হবে। এজন্য People ট্যাবে ক্লিক করে তালিকার একেকটি নামের ওপর ক্লিক করে প্রোফাইল পেজ খুলুন। প্রথমেই নিজের ছবি দিয়েই শুরু করা যাক। ফাঁকা ছবির নামের পাশে Update লিংকে ক্লিক করে পরবর্তী স্ক্রিনে Change Portrait-এর ওপর ক্লিক করতে হবে। পরবর্তীতে, মেইন উইন্ডো এরিয়াতে Search বাটনে ক্লিক করে যতগুলো ছবি আপলোড করেছেন সবগুলো ডিসপে- করার পর নিজের ছবির ওপর ক্লিক করে সেটি সিলেক্ট করুন। প্রয়োজনীয় তথ্য প্রদান করার পর নিচের দিকের Update বাটনে ক্লিক করুন।



ছবি যোগ করার পর আমরা কে কোথায় থাকি সে তথ্য প্রবেশ করতে হবে। ডান দিকের উইন্ডোতে Profile হেডিং-এর নিচে + চিহ্নের ওপর ক্লিক করে তালিকা থেকে বেছে নিন Home Address। তারপর ঠিকানা টাইপ করে এ ধাপটি সম্পন্ন করে Update বাটনে ক্লিক করুন। আপনি এবং আপনার আত্মীয় স্বজন কে কোথায় থাকেন সেটি ফ্যামিভা প্রদত্ত মানচিত্রেও চিহ্নিত করতে পারেন। এছাড়া ফ্যামিভার ক্যালেন্ডার ব্যবহার করে বিভিন্ন ইভেন্ট-এর পরিকল্পনা করা বা হিসাব রাখাও সম্ভব। একটু সময় নিয়ে ফ্যামিভার ফিচারগুলো ঘাঁটাঘাঁটি করলে সহজেই করতে পারবেন এসব কাজ। ■